দৈনিক সংবাদ

তারিখ ... 02 FEB 1996 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

ঢাঃ বিঃ শিক্ষক সমিতি

# প্রধানমন্ত্রী ও উপাচার্যকে পদত্যাগ করতে হবে

গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরি সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, জগন্নাথ ও সলিমুল্লাহ হলে সংঘটিত পুলিশী তান্ডবের সকল দায়দায়িত্ব স্বীকার করে অবিলম্বে প্রধানমন্ত্রী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে পদত্যাগ করতে হবে।

বাংলা একাডেমির বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর আগমনকে কেন্দ্র করে যে অনভিপ্রেত ঘটনা ঘটেছে তার

শিক্ষক সমিতি ঃ পৃঃ ৮ কঃ৮

## শিক্ষক সমিতি ঃ পদত্যাগ দাবি

( ১ম পৃষ্ঠার পর )

প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি বাংলা একাডেমির কোন অনুষ্ঠানে চলতি মাসে যোগদান না করার সিদ্ধান্ত নিয়েছে এবং অন্যান্য পেশাজীবী সামাজিক- সাংস্কৃতিক সংস্থাকে অনুরূপ সিদ্ধান্ত গ্রহণের আহ্বান জানায়।

সভার সিদ্ধান্তে বলা হয়, প্রহসনমূলক নির্বাচনের প্রক্রিয়া অবিলম্বে বন্ধ করে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে সকল রাজনৈতিক দলের অংশগ্রহণ নিশ্চিত করে নির্বাচনের নতুন তফসিল ঘোষণা করতে হবে।

অস্ত্র উদ্ধারের নামে সেনাবাহিনীকে যেভাবে একদলীয় প্রহসনমূলক নির্বাচনের কাজে সংকীর্ণ দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে সভা থেকে তার তীব্র নিন্দা জানানো হয় এবং অবিলম্বে সেনাবাহিনীকে সেনাছাউনিতে ফিরিয়ে নেয়ার দাবি জানানো হয়।

সভার সিদ্ধান্তে বলা হয়, ৮ই ফেব্রুয়ারি পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন পরীক্ষা কার্যক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ সংশ্লিষ্ট থাকবেন না। বহু ছাত্র আহত অবস্থায় বর্তমানে চিকিৎসাধীন থাকায় আগামী ৮ই ফেব্রুয়ারি পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা স্থগিত রাখার জন্য সভা থেকে আহ্বান জানানো হয়।

সভা থেকে ২৪ ঘন্টার মধ্যে গ্রেফতারকৃত সকল ছাত্রকে নিঃশর্ত মুক্তি প্রদান এবং ক্ষতিগ্রস্ত ছাত্রদের ক্ষতিপূরণ দেবার জন্য সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়।

সভায় সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এ টি এম জহুরুল হক।